# হাদীস সম্ভার

## হাদিস নাম্বারঃ ৩৪১৪

২৭/ আদব

পরিচ্ছেদঃ ভাল লোকদের সাথে সাক্ষাৎ করা, তাঁদের সাহচর্য গ্রহণ করা, তাঁদেরকে ভালবাসা, তাঁদেরকে বাড়িতে দাওয়াত দেওয়া, তাঁদের কাছে দু'আ চাওয়া এবং বরকতময় স্থানসমূহের দর্শন

### আরবী

وَعَن أَنسٍ أَنَّ أَعرَابِياً قَالَ لِرَسُولِ اللهِ ﷺ مَتَى السَّاعَةُ ؟ قَالَ رَسُوْلُ اللهِ ﷺ مَا أعْدَدْتَ لَهَا ؟ قَالَ : حُبَّ الله وَرَسُولِهِ قَالَ أنْتَ مَعَ مَنْ أحْبَبْتَ مُتَّفَقٌ عَلَيهِ وهذا لفظ مسلم وفي رواية لهما : مَا أعْدَدْتُ لَهَا مِنْ كَثيرِ صَوْمٍ وَلاَ صَلاَةٍ وَلاَ صَدَقَةٍ وَلَكِنِّي أُحِبُّ الله وَرَسُوْلَهُ

### বাংলা

(৩৪১৪) আনাস ইবনে মালিক (রাঃ) থেকে বর্ণিত, এক ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে জিজ্ঞেস করল, 'হে আল্লাহর রসূল! কিয়ামত কবে ঘটবে?' তিনি তাকে জিজ্ঞেস করলেন, তুমি এর জন্য কী প্রস্তুতি নিয়েছ? সে বলল, 'আল্লাহ ও তাঁর রসূলের ভালবাসা।' তিনি বললেন, তুমি যাকে ভালবাস, তারই সাথী হবে। (বুখারী ৩৬৮৮, মুসলিম ৬৮৭৮, শব্দগুলি মুসলিমের)

উভয়ের অন্য এক বর্ণনায় আছে, আমি বেশি নামাযরোযা ও সাদকাহর মাধ্যমে প্রস্তুতি নিতে পারিনি। কিন্তু আমি আল্লাহ ও তাঁর রসূলকে ভালবাসি। (তিনি বললেন, তুমি যাকে ভালবাস, তারই সাথী হবে।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67162

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন